



# রুশী কাঠবেড়ালি

শীতের জন্যে ভাবনা নেই কাঠবেড়ালির, গায়ে তার ছেয়ে রঙের গরম লোমশ কোট। আর যেই গরম পড়ে, কোটও বদলায় তার; ঠাণ্ডা নেই, ল্যুকিয়ে থাকারও কারণ নেই, কেননা কাঠবেড়ালির লোম তখন ন্যাড়া ন্যাড়া, মরচে রঙা, সে ফারে লোড নেই শিকারীর।

ব্যাঙের ছাতা শ্বকিয়ে রাখে কাঠবেড়ালি, কুটুর কুটুর বিচিবাদাম জমিয়ে রাখে।





#### খরগোশ

দৌড়বাজ খরগোশ, অনেক কুকুরেই তার সঙ্গে ছাটে পারে না। ঘাসপাতার ঝোপে শামে থাকে, হিংল্ল পশার চোখ এড়ায়। বন থেকে বেরিয়ে আসে মাঠে খাবারের খোঁজে।

বাগানে কিন্তু চুকতে দিও না খরগোশকে, আপেলগাছ, চেরিগাছের ছাল খেয়ে ভূষ্টিনাশ করবে।





#### নেকড়ে

গরমকালে নেকড়ের পেট ভরা, শিকার অনেক।

আর যেই আসে শীত, অমনি পাখিরা উড়ে যায়, জীবজন্ম লাকিয়ে পড়ে। নেকড়ের খাবার থাকে না কিছা। পেটে খিদে নিয়ে রাগে গরগরিয়ে ঘোরে নেকড়ে, লাটপাটের খোঁজে ফেরে। এসে ঢোকে গাঁয়ের মধ্যে... যেখানে পাহারা নেই, গোয়ালের দ্যোর আলগা, সেখানে ছাগল ভেড়ার কপাল খারাপ।





## ভালুক

সারা শীত গ্রেয় শ্রে ঘ্নোয় ভাল্ক, থাবা চোষে। যেই বসত্তে বরুফ গলে, অমনি জেগে ওঠে সে, বনে বনে ঘোরে খাবারের ধান্ধায়।

গতবছরের ফল পাকুড় খোঁজে, শেকড় টেকড় খোঁড়ে, হঠাৎ দেখে গাছের কোটরে মৌমাছির ঝাঁক।

ভারি তার মধ্রে লোভ, কোটরে গিয়ে ওঠে, কিন্তু মৌমাছিরাও সেয়ানা, তাড়িয়ে দেয় ভাল্কেকে। ভাক ছেড়ে উল্টে পড়ে ভাল্কে, চলে যায় অন্য খাবারের খোঁজে।





#### एएखा

আফ্রিকার তৃণাঞ্চলে ছোটে দ্রুতগামী যোড়ার পাল। নাম তার জেরা। সাধারণ যোড়া থেকে এদের তফাং আছে। গা এদের ডোরাকাটা, ঘাড়ের কেশর ছোটো ছোটো, কপালে ঝ;িট নেই।

এরা কিন্তু ব্নো। ধাড়ি জেরাকে পোষ মানানো সহজ নয়। বাচ্চাগ্রলোর অবিশ্যি ভয় ভর নেই।





## টট

বালিতে উটের পা ডোবে না। জল না খেয়ে থাকতে পারে অনেকদিন, খিদে কম। মর্ভুমিতে মিন্টি ঘাস তো আর নেই, ঘন গাছপালাই বা কোথায়, কুয়ো মিলবে কচিং কদাচিং।

যেখানে পথঘাট খারাপ, মোটর গাড়ি অচল, ঘোড়ায় চেপেও যাওয়া চলে না, সেখানে আজো পর্যন্ত মান,ষের সেরা সহায় উট।





## সিংহ

श्यमिकता बदन:

আফ্রিকার ত্ণাণ্ডলে যখন আঁধার নামে, তখন চারিদিক খেকে হ্মহাম শ্রু হয়ে যায়।

ভয়ঙ্কর গলায় খাঁক্ খাঁক্ করে হায়েনা, ফেউ ভাকে, আর হঠাং গ্রের গ্রের করে ওঠে সিংহের গর্জন। তার মানে শিকারে বেরুল পশ্রাজ। তখন ল্কিয়ে পড়ে হায়েনা আর বনশ্য়োর, ছ্টে পালায় জেরা আর হরিণ, সিংহের মুখে পড়ার শথ নেই কারো।






#### বাঘ

ভয়ঙকর হিংস্র জানোয়ার বাঘ। গা ঢাকা
দিয়ে থাকে জঙ্গলে, ঝোপেঝাড়ে, যে পথ
দিয়ে জল খেতে যায় হরিপ বনশ্রেয়র
ব্রনোমোষ, সেখানে ওঁং পাতে। শিকারের
আশায় ধৈর্য ধরে অপেক্ষা করে থাকে সে।
জীবজন্তু ভয় করে বাঘকে। হাতিয়ার
না থাকলে মান্বের পক্ষেও বাঘ মারাস্বক।





### হাতি

আমাদের মাঠে বনে হাতির দেখা মিলবে না।

হাতি চরে আফ্রিকার তৃণভূমিতে, ভারতের জঙ্গলে।

শংড়টা যেন তার হাত, শংড়ে জড়িয়ে উপড়ে তোলে বাঁশ, জল দেখলে শংড়ে করে জল নিয়ে ছিটোয়, গায়ের ধংলো কাদা ধ্যে নেয়।

হাতির ভয় েই কাউকে, মহাদেহী হাতিকেই ভয় করে সবাই।


পোষ মানলে মানুষের বড়ো সহায় হয় হাতি।

ভারি ভারি কাজ করে দেয় সে, এমন কি ছোটো ছেলেমেয়েদের দেখাশোনাও করতে পারে।



1 44







Е. Чарушин

KTO KAK MUBET

На языке бенгали



भिम्द्रमंत्र छन्।

अन्तान: ननी ट्डोशिक

শোভিছেত ইটানয়নে ম্ছিত



€II

প্রগতি প্রকাশন নদেকা

